গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.০৬.০০১.২৩.৪৪৪

তারিখ : ২৬ ফাল্গুন ১৪৩১ / ১১ মার্চ ২০২৫

বিষয় : আজিমপুরস্থ জাজেস কোয়ার্টারের বহুতল আবাসিক ভবনের ৫/এ নম্বর ফ্ল্যাটের বরাদ্দ বাতিল প্রসঙ্গে।

জনাব/বেগম,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩-এর গত ০৮.০৯.২০২৪ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.২৪.৫৯৯ নম্বর স্মারকমূলে আপনাকে বিচারক (জেলা ও দায়রা জজ) হিসেবে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, চট্টগ্রামে বদলী করা হয়। আপনার আবেদনের প্রেক্ষিতে ১৭.১০.২০২৪ তারিখের ১০.০০.০০০০.১২৯.০৬.০০১.২৩.১০৫১ নম্বর স্মারকমূলে ৫/এ নম্বর ফ্ল্যাটের বরাদ্দ মার্চ, ২০২৫ পর্যন্ত আপনার অনুকূলে বর্ধিত করা হয়।

আপনি গত ০৩.০৩.২০২৫ তারিখে পুনরায় আপনার অনুকূলে বরাদ্দকৃত ৫/এ নম্বর ফ্ল্যাটের বরাদ্দের মেয়াদ বর্ধিতকরণের জন্য আবেদন দাখিল করেছেন। গত ১৭.০২.২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে অনতিবিলম্বে মার্চ, ২০২৫ তারিখ অতিবাহিত হওয়ার এক সপ্তাহের মধ্যে বর্ণিত বাসার প্রাসঙ্গিক সকল দাবী-দাওয়া/পাওনাদি (যদি থাকে) পরিশোধপূর্বক দখল সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ বরাবর হস্তান্তর ও এ সংক্রান্ত না-দাবি সনদ বা ছাড়পত্র গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১/০৩/২৫
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.gov.bd

জনাব মোহাম্মদ সাইদুর রহমান গাজী
বিচারক (জেলা ও দায়রা জজ)
নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৫, চট্টগ্রাম

**কার্যার্থে ও সদয় অবগতির জন্যে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
২। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউমার্কেট, ঢাকা (দখল গ্রহণপূর্বক রিপোর্ট প্রদানের অনুরোধসহ)।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, চট্টগ্রাম।
৫। অফিস কপি।